মূল শব্দাবলীঃ
মেধা
মনন
চিন্তা/কারণ
কৃত্রিম বুদ্ধিমত্তা (এ আই)

Majlis Ugama Islam Singapura

Friday Sermon

6 November 2026 / 26 Jamadilawal 1448H

ইসলাম, বিবেক-বুদ্ধি ও কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই)

ٱلْحَمْدُ لِلّٰهِ ٱلَّذِي هَدَانَا لِهٰذَا وَمَا كُنَّا لِنَهْتَدِيَ لَوْلَا أَنْ هَدَانَا ٱللّٰهُ. أَشْهَدُ أَنْ لَا إِلٰهَ إِلَّا ٱللّٰهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ، وَأَشْهَدُ أَنَّ سَيِّدَنَا مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ. ٱللّٰهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ، وَعَلَى آلِهِ وَأَصْحَابِهِ أَجْمَعِينَ. أَمَّا بَعْدُ، فَيَا عِبَادَ ٱللّٰهِ، ٱتَّقُوا ٱللّٰهَ. قَالَ تَعَالَى فِي التَّنْزِيلِ: يَـٰٓأَيُّهَا ٱلَّذِينَ ءَامَنُواْ ٱتَّقُواْ ٱللَّهَ حَقَّ تُقَاتِهِۦ وَلَا تَمُوتُنَّ إِلَّا وَأَنتُم مُّسْلِمُونَ.

সম্মানিত মুমিন মুসল্লিগণ, আল্লাহ আপনাদের প্রতি রহমত বর্ষণ করুন।

আসুন, আমরা আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলার প্রতি তাকওয়া অবলম্বন করি; তাঁর সকল আদেশ-নির্দেশ যথাযথভাবে পালন করি এবং তাঁর সকল নিষেধাজ্ঞা থেকে বিরত থাকি। আমাদের এই তাকওয়া যেন ইহকাল ও পরকালে আমাদের আনন্দ, শান্তি ও কল্যাণের উৎস হয়ে ওঠে।

আমিন, ইয়া রব্বাল আলামিন।

জুম্মায় আগত হে সম্মানিত মুসল্লিগণ,

পবিত্র কুরআনে মহান আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা বারবার মানবজাতিকে বিবেক-বুদ্ধি প্রয়োগ করতে, গভীরভাবে চিন্তা-ভাবনা করতে এবং অনুধাবন করতে আহ্বান জানিয়েছেন। কুরআনের বিভিন্ন আয়াতে আল্লাহ তা'আলা প্রশ্ন করেছেন:

أَفَلَا يَعْقِلُونَ — "তবে কি তারা বিবেক-বুদ্ধি প্রয়োগ করে না?"

أَفَلَا يَتَدَبَّرُونَ الْقُرْآنَ — "তবে কি তারা কুরআন নিয়ে গভীরভাবে চিন্তা-ভাবনা করে না?"

أَفَلَا تَتَفَكَّرُونَ — "তোমরা কি চিন্তা-ভাবনা করো না?"

হে সম্মানিত মুসল্লিগণ,

মহান আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা আমাদের বুদ্ধিবৃত্তিক সক্ষমতা ও বিচার-বিশ্লেষণ করার শক্তির প্রতি মনোযোগী হতে আহ্বান জানিয়েছেন। কেন? কারণ, এর মাধ্যমে আমরা সত্য ও মিথ্যার মধ্যে এবং ন্যায় ও অন্যায়ের মধ্যে পার্থক্য নির্ণয় করতে পারি। আমাদের বিবেক-বুদ্ধি ও চিন্তাশক্তি প্রতিদিনের সিদ্ধান্ত গ্রহণে প্রভাব ফেলে। আর আমাদের সেই সিদ্ধান্তগুলোই ধীরে ধীরে আমাদের চরিত্র, আচার-আচরণ এবং ধর্মীয় জীবনকে গড়ে তোলে।

পবিত্র কুরআনের সূরা আল-আনফালের ২২ নম্বর আয়াতে মহান আল্লাহ তা'আলা ইরশাদ করেন:

إِنَّ شَرَّ ٱلدَّوَآبِّ عِندَ ٱللَّهِ ٱلصُّمُّ ٱلْبُكْمُ ٱلَّذِينَ لَا يَعْقِلُونَ ﴿٢٢﴾

অর্থঃ নিশ্চয়ই আল্লাহর কাছে নিকৃষ্টতম জীব (বা বিচরণশীল জীব) সেই বধির ও বোবা লোক, যারা বুদ্ধি কাজে লাগায় না (অর্থাৎ বিবেক-বুদ্ধিকে সত্য গ্রহণে ব্যবহার করে না)

কুরআনে বুদ্ধিবৃত্তির গুরুত্ব সম্পর্কে এটি অন্যতম অত্যন্ত তাৎপর্যপূর্ণ ও কঠোর বক্তব্য। যারা জ্ঞান ও সত্য উপলব্ধি করার জন্য ইচ্ছাকৃতভাবে নিজেদের বিবেক-বুদ্ধি প্রয়োগ করতে অস্বীকার করে, তাদের প্রতি এখানে অত্যন্ত কঠোর নিন্দা করা হয়েছে। মহান আল্লাহ প্রদত্ত বিবেক-বুদ্ধি ও চিন্তাশক্তি যারা কাজে লাগাতে চায় না, তাদের প্রতি এই ভর্ৎসনা অত্যন্ত কঠোর ও সতর্কতামূলক।

জুম্মায় আগত হে সম্মানিত মুসল্লিগণ,

নিঃসন্দেহে, এইমাত্র যে আয়াতটি তিলাওয়াত করা হলো, বর্তমান সময়ে এর প্রাসঙ্গিকতা দিন দিন আরও বৃদ্ধি পাচ্ছে। কৃত্রিম বুদ্ধিমত্তার (Artificial Intelligence বা AI) দ্রুত অগ্রগতির ফলে, যেসব কাজ একসময় আমাদের নিজেদের চিন্তা-ভাবনা ও বুদ্ধি-বিবেচনার মাধ্যমে সম্পন্ন করতে হতো, সেগুলোর অনেক কিছুই এখন মুহূর্তের মধ্যে সম্পন্ন হয়ে যাচ্ছে। ফলে, কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) আমাদের দৈনন্দিন জীবনের একটি গুরুত্বপূর্ণ অংশ হয়ে উঠেছে।

এ কথা সত্য যে, ইসলাম কল্যাণকর প্রযুক্তির ব্যবহার নিষিদ্ধ করেনি। তবে কৃত্রিম বুদ্ধিমত্তার (AI) ওপর অতিরিক্ত নির্ভরশীলতা উদ্বেগের কারণ। কারণ, এর ফলে ধীরে ধীরে আমাদের চিন্তাশক্তি ও বুদ্ধিবৃত্তিক সক্ষমতা প্রভাবিত হতে পারে। আমরা যখন নিজেরা চেষ্টা না করেই প্রতিনিয়ত ছোটখাটো কাজের দায়িত্ব কৃত্রিম বুদ্ধিমত্তার (AI) ওপর ছেড়ে দিই, তখন নিজেদের চিন্তা করার ও সমস্যা সমাধানের সক্ষমতাকে বিকশিত করার সুযোগ হারাই।

সুতরাং, কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) যেন কখনোই মানুষের বিবেক-বুদ্ধি ও চিন্তাশক্তির বিকল্প হয়ে না দাঁড়ায়; বরং এটি মানুষের বুদ্ধিবৃত্তিক সক্ষমতাকে সহায়তা ও সমৃদ্ধ করার একটি মাধ্যম হিসেবেই ব্যবহৃত হওয়া উচিত।

এ লক্ষ্য অর্জনে আজকের খুতবায় আমাদের জন্য তিনটি করণীয় বিষয় তুলে ধরা হয়েছে।

প্রথমত: AI-এর সহায়তা নেওয়ার আগে নিজে চিন্তা করুন

আসুন, প্রথমে আমরা নিজেরা চিন্তা করে ধারণা গঠনের এবং সমস্যার সমাধান করার চেষ্টা করি। এরপর আমাদের কাজকে আরও সমৃদ্ধ, পরিমার্জিত ও উন্নত করার জন্য কৃত্রিম বুদ্ধিমত্তার (AI) সহায়তা নিতে পারি।

দ্বিতীয়ত: AI-এর ওপর সম্পূর্ণ বিচার-বিবেচনার ভার অর্পণ না করে তথ্যের যথার্থতা যাচাই করুন

কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) কখনো কখনো এমন ভুল তথ্যও উপস্থাপন করতে পারে, যা দেখতে সম্পূর্ণ সত্য বলে মনে হয়। অথচ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সতর্ক করেছেন যে, যাচাই-বাছাই না করে যা কিছু শোনা যায়, তা-ই প্রচার করা মিথ্যাচারের দিকে নিয়ে যেতে পারে। আমাদের প্রতিটি সিদ্ধান্তের জন্য আমরাই দায়ী। তাই নৈতিক ও ধর্মীয় বিষয়ে সঠিক বিচার-বিবেচনার দায়িত্ব কখনোই AI-এর হাতে ছেড়ে দেওয়া উচিত নয়। বিশেষ করে ধর্মীয় বিষয়ে শুধু AI-এর ওপর নির্ভর না করে, আসুন আমরা যোগ্য ও অভিজ্ঞ আলেম-উলামা এবং আসাতিযায়ে কেরামের পরামর্শ গ্রহণ করি।

তৃতীয়ত: প্রচলিত ও স্বাভাবিক চর্চার মাধ্যমে নিজেদের চিন্তাশক্তিকে শাণিত করুন

হে সম্মানিত মুসল্লিগণ, পড়াশোনা করা, জ্ঞানচর্চার আসরে অংশগ্রহণ করা এবং সরাসরি পারস্পরিক আলোচনা ও মতবিনিময়ের মতো চর্চার মাধ্যমে আমাদের স্বাভাবিক বুদ্ধিবৃত্তিক সক্ষমতা ও চিন্তাশক্তিকে অক্ষুণ্ন রাখা উচিত।

AI ব্যবহারের আগে আসুন, আমরা নিজেদের প্রশ্ন করি: এর ব্যবহার কি সত্যিই যথাযথ ও প্রয়োজনীয়, নাকি এটি কেবল আমাদের নিজেদের চিন্তা-ভাবনা করা থেকে বিরত রাখছে?

মনে রাখবেন, আমাদের সময় ও চিন্তাশক্তি মহান আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলার পক্ষ থেকে আমাদের কাছে আমানত।

হে সম্মানিত মুসল্লিগণ,

এই উপলব্ধিকে ধারণ করে আসুন, আমরা দায়িত্বশীলতা ও পরিমিতিবোধের সঙ্গে কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) ব্যবহার করি এবং মহান আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলার সন্তুষ্টি অর্জনের লক্ষ্যে নিজেদের বুদ্ধিবৃত্তিক সক্ষমতা ও চিন্তাশক্তিকে সংরক্ষণ করি।

মনে রাখবেন, প্রতিটি নিয়ামত ও অগ্রগতি আমাদের কাছে এক একটি আমানত। আর পরকালীন জীবনে প্রতিটি আমানত সম্পর্কে আমাদের জবাবদিহি করতে হবে।

মহান আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা আমাদের ঈমান ও প্রজ্ঞার সঙ্গে জীবন পরিচালনার তাওফিক ও সঠিক পথনির্দেশনা দান করুন।

আমিন, ইয়া রব্বাল আলামিন।

أَقُوْلُ قَوْلِي هَذا وَأَسْتَغْفِرُ اللهَ العَظِيْمَ لِي وَلَكُمْ، فَاسْتَغْفِرُوْهُ إِنَّهُ هُوَ الغَفُوْرُ الرَّحِيْم.

Second Sermon

الحَمْدُ للهِ حَمْدًا كَثِيرًا كَمَا أَمَرَ، وَأَشْهَدُ أَن لَا إِلَهَ إِلَّا اللهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ، وَأَشْهَدُ أَنَّ سَيِّدَنَا مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ. اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِهِ وَأَصْحَابِهِ أَجْمَعِينَ. أَمَّا بَعْدُ، فَيَا عِبَادَ اللهِ، اِتَّقُوا اللهَ تَعَالَى فِيمَا أَمَرَ، وَانتَهُوا عَمَّا نَهَاكُم عَنْهُ وَزَجَرَ.

أَلَا صَلُّوا وَسَلِّمُوا عَلَى النَّبِيِّ الْمُصْطَفَى، فَقَدْ أَمَرَنَا اللهُ بِذَلِكَ حَيْثُ قَال فِي كِتَابِهِ العَزِيزِ: إِنَّ اللهَ وَمَلَائِكَتَهُ يُصَلُّونَ عَلَى النَّبِيِّ يَا أَيُّهَا الَّذِينَ ءَامَنُوا صَلُّوا عَلَيهِ وَسَلِّمُوا تَسْلِيمًا. اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ وَبَارِكْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ.

وَارْضَ اللَّهُمَّ عَنِ الخُلَفَاءِ الرَّاشِدِينَ المَهْدِيِّينَ سَادَاتِنَا أَبِي بَكْرٍ وَعُمَرَ وَعُثْمَانَ وَعَلِيٍّ، وَعَن بَقِيَّةِ الصَّحَابَةِ وَالقَرَابَةِ وَالتَّابِعِينَ، وَتَابِعِي التَّابِعِينَ، وَعَنَّا مَعَهُم وَفِيهِم بِرَحْمَتِكَ يَا أَرْحَمَ الرَّاحِمِينَ.

اللَّهُمَّ اغْفِرْ لِلمُؤْمِنِينَ وَالمُؤْمِنَاتِ، وَالمُسْلِمِينَ وَالمُسْلِمَاتِ، الأَحْيَاءِ مِنهُم وَالأَمْوَاتِ. اللَّهُمَّ ادْفَعْ عَنَّا البَلَاءَ وَالوَبَاءَ وَالزَّلَازِلَ وَالمِحَنَ، مَا ظَهَرَ مِنْهَا وَمَا بَطَنَ، عَن بَلَدِنَا خَاصَّةً، وَسَائِرِ البُلْدَانِ عَامَّةً، يَا رَبَّ العَالَمِينَ. اَللَّهُمَّ انْصُرْ إِخْوَانَنَا اْلمُسْتَضْعَفِيْنَ فِي غَزَّة وَفِي فِلِسْطِينَ وَفِيْ كُلِّ مَكَانٍ

عَامَّةً، يَا أَرْحَمَ الرَّاحِمِينَ. رَبَّنَا آتِنَا فِي الدُّنيَا حَسَنَةً، وَفِي الآخِرَةِ حَسَنَةً، وَقِنَا عَذَابَ النَّارِ.

عِبَادَ اللهِ، إِنَّ اللهَ يَأْمُرُ بِالعَدْلِ وَالإِحْسَانِ وَإِيتَاءِ ذِي القُرْبَى، وَيَنْهَى عَنِ الفَحْشَاءِ وَالمُنكَرِ وَالبَغْيِ، يَعِظُكُمْ لَعَلَّكُمْ تَذَكَّرُونَ، فَاذكُرُوا اللهَ العَظِيمَ يَذْكُرْكُمْ، وَاشْكُرُوهُ عَلَى نِعَمِهِ يَزِدْكُمْ، وَاسْأَلُوهُ مِن فَضْلِهِ يُعْطِكُم، وَلَذِكْرُ اللهِ أَكْبَرُ، وَاللهُ يَعْلَمُ مَا تَصْنَعُونَ.